# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ৩. কুমারী মেয়েকে পোড়ানো কোরবানি দেওয়া

বাইবেল নিশ্চিত করেছে যে, কোনো মানুষকে কোরবানির জন্য মানত করা ও পুড়ানো কোরবানি দেওয়া প্রশংসনীয় কর্ম। যিপ্তহ (Jephthah) ইহুদিদের একজন প্রসিদ্ধ সর্দার। তিনি ঈশ্বরের আত্মায় পূর্ণ ছিলেন তিনি ঈশ্বরের জন্য বিশটা শহর ও গ্রাম ধ্বংস করেন এবং বাসিন্দাদেরকে হত্যা করেন (বিচারকর্তৃগণ/ কাজীগণ ১১/৩২)। তিনি তার নিজের একমাত্র কুমারী মেয়েকে বলি দেন: "পরে মাবুদের রূহ (the Spirit of the LORD) যিপ্তহের উপরে আসলেন... আর যিপ্তহ মাবুদের উদ্দেশে মানত করে বললেন, তুমি যদি অম্মোনীয়দেরকে নিশ্চয় আমার হাতে তুলে দাও, তবে অম্মোনীয়দের কাছ থেকে যখন আমি সহিসালামতে ফিরে আসবো, তখন যাকিছু আমার বাড়ির দরজা থেকে বের হয়ে আমার সঙ্গে সাক্ষাৎ করতে আসবে, তা নিশ্চয়ই মাবুদেরই হবে, আর আমি তা পোড়ানো কোরবানী হিসেবে কোরবানী করবো।" (বিচারকর্তৃগণ ১১/২৯-৩১, মো.-১৩)

এরপর যিপ্তহ বিজয় লাভ করে ঘরে ফেরার পর প্রথমেই তার একমাত্র সন্তান কুমারী কন্যা তার সাথে সাক্ষাৎ করতে আসেন। তিনি মানত অনুসারে তার কন্যাকে পোড়ানো কোরবানি করেন, অর্থাৎ জবাই করে পুড়িয়ে ফেলেন: "পিতা যে মানত করেছিলেন, সেই অনুসারে তার প্রতি করলেন।" (কাজীগণ১১/৩৯, মো.-১৩) বাহ্যত তাঁর কুমারী মেয়ের পোড়ানো মাংস ও চর্বির খোশবুতে ঈশ্বর প্রীত হয়েছিলেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14403

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন